

## অর্থ আত্মসাতের অভিযোগ শিক্ষা অধিদফতরের ৫ কর্মচারীর বিরুদ্ধে দুদকের মামলা

স্টাফ রিপোর্টার : শিক্ষক-কর্মচারীদের অর্থ আত্মসাতের অভিযোগে শিক্ষা অধিদফতরের ৫ কর্মচারীর বিরুদ্ধে পৃথক দুটি মামলা দায়েরের সিদ্ধান্ত নিয়েছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। গতকাল রোববার দুদকের প্রধান কার্যালয়ে কমিশন এ মামলার অনুমোদন দিয়েছে। শিগগিরই মামলাটি দায়ের করা হবে বলেও দুদকের উপ-পরিচালক (জনসংযোগ) প্রণব কুমার ভট্টচার্য্য নিশ্চিত করেছেন।

যাদের বিরুদ্ধে মামলার অনুমোদন দেয়া হয়েছে তারা হলেন- শিক্ষা অধিদফতরের সিস্টেম এনালিস্ট আবুল ফজল মো. বেলাল, প্রোগ্রামার মো. আসাদুজ্জামান, মো. জিয়াউর রহমান, সহকারী প্রোগ্রামার মো. রফিকুল ইসলাম ও মো. নূজিব উদ দৌলা। দুটি মামলাতেই তাদের অভিযুক্ত করা হয়েছে। দুদক সূত্র জানায়, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক অধিদফতরের সিস্টেম এনালিস্ট ও সহকারী সিস্টেম এনালিস্টের নিয়মনিতির ভাঙা নাকি করে পরস্পর যোগসাজশে মদ্রসা শাখার কোনো কর্মকর্তার যাচাইকৃত স্বাক্ষর ছাড়াই ২৬৬ জন শিক্ষক-কর্মচারীর নামে এমপিও'র চূড়ান্ত শিট প্রিন্ট আউট করে সরকারের মোট ৪২ লাখ ১৬ হাজার ৮৭০ টাকা আত্মসাৎ করেন। অনুসন্ধানে এ-সব অভিযোগ প্রমাণিত হওয়ায় তাদের বিরুদ্ধে পৃথক দুটি মামলা দায়েরের অনুমোদন দেয়া হয়েছে।

২০১৩ সালের মে মাস থেকে জুন মাস পর্যন্ত সময়ে ২৫৬ জন শিক্ষক-কর্মচারীর নামে সরকারের ৪০ লাখ ২২ হাজার ৬৫০ টাকা আত্মসাতের অভিযোগে একটি ও একই সময়ে ১০ জন শিক্ষকের নামে সরকারের এক লাখ ৯৪ হাজার ২২০ টাকা আত্মসাতের অভিযোগে পৃথক আরেকটি মামলার অনুমোদন দেয়া হয়েছে। দুদকের উপ-পরিচালক আবদুছ ছাত্তার সরকার এ সব অভিযোগ অনুসন্ধান করেছেন।